

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৩৩১

আগরতলা, ৩১ ডিসেম্বর, ২০২৪

৪৩তম আগরতলা বইমেলা  
উদ্বোধন ২ জানুয়ারি

আগামী ২ জানুয়ারি থেকে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে মননের উৎসব ৪৩তম আগরতলা বইমেলা। এদিন বিকেল ট্রোয় ৪৩তম আগরতলা বইমেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। বইমেলা উপলক্ষে হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণকে সাজিয়ে তোলা হয়েছে। ১৩ দিনব্যাপী আগরতলা বইমেলা সমাপ্ত হবে আগামী ১৪ জানুয়ারি। আগরতলা বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, আগরতলা পুরনিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদার এবং পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী এবং রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। কলকাতার বিশিষ্ট লেখক জয়দীপ চট্টোপাধ্যায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিধায়ক মিনারাণী সরকার।

অন্যান্য বছরের মতো এবারের বইমেলাতেও প্রতিদিন বইপ্রকাশ, কবি সম্মেলন, আলোচনাচক্র, কৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সাংস্কৃতিক অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন জেলার শিল্পীগণ ছাড়াও বহি:রাজ্যের বিশিষ্ট শিল্পীগণ অংশ নেবেন। প্রতিদিন বইমেলা চলবে দুপুর ২টা ৩০ মিনিট থেকে রাত ৯টা পর্যন্ত। ছুটির দিনগুলিতে বইমেলা শুরু হবে দুপুর ২টায়। মেলা চলবে রাত ৯টা ৩০ মিনিট পর্যন্ত। হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে আয়োজিত ১৩ দিনব্যাপী আগরতলা বইমেলায় বই প্রেমীদের যাতায়াতের জন্য আগরতলার বিভিন্ন প্রান্ত থেকে বিনামূলে বাস পরিমেবার ব্যবস্থা করা হয়েছে। আগরতলা বইমেলার উদ্যোগ্তা তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে প্রতিদিন বইমেলায় অংশগ্রহণ করার জন্য সবার প্রতি সাদর আমন্ত্রণ জানানো হয়েছে।

\*\*\*\*\*